

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

নিরাপত্তা শাখা-২

নম্বর : ৪৪.০০.০০০০.০৩৫.০০২.১৪/২৮০৪

তারিখ : ২৪ সেপ্টেম্বর ২০১৬

বিষয় : অফিস সময়ের পর ও রাত্রিকালে বাংলাদেশ সচিবালয়ে অবস্থানকারী কর্মকর্তা/কর্মচারীদের তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সচিবালয় প্রশাসনের প্রাণকেন্দ্র হওয়ায় জরুরি প্রয়োজনে অফিস সময়ের পরও কোন কোন কর্মকর্তা/কর্মচারী অফিসে কাজ করেন। আবার কিছু সংখ্যক কর্মচারী বিনা অনুমতিতে সচিবালয়ে রাত্রিকালীন অবস্থান করে থাকেন যা কাম্য নয়। বাংলাদেশ সচিবালয় সংরক্ষিত ও স্পর্শকাতর স্থাপনা বিধায় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ছাড়া পূর্বানুমতি ব্যতীত রাত্রিকালীন কেউ যাতে সচিবালয়ে অবস্থান না করেন সেটি নিশ্চিত করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, বাংলাদেশ সচিবালয়ের সার্বিক নিরাপত্তার স্বার্থে মন্ত্রণালয়/বিভাগের কর্মচারীগণের অফিস সময়ের পর সচিবালয়ে অবস্থানের বিষয়ে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- অফিস সময় অতিবাহিত হওয়ার পরে কর্মকর্তা/কর্মচারীগণের অফিসে অবস্থানের প্রয়োজন হলে সচিবালয়ের সার্বিক নিরাপত্তার স্বার্থে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে তার একটি তথ্য সংরক্ষণ করা এবং সচিবালয় নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করা।
- কোন কর্মচারীর রাত্রিকালে বাংলাদেশ সচিবালয়ে অবস্থান করা অপরিহার্য হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করা।

৩। সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে এবং অফিস সময়ের পরেও মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী এবং সচিব/উর্ধ্বতন কর্মকর্তাগণ দপ্তরে তাঁদের প্রয়োজন অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীগণ সচিবালয়ে অফিস করতে পারবেন।

৪। বাজেট প্রণয়নের সাথে সম্পৃক্ত অর্থ বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ ও অন্যান্য জনগুরুত্বপূর্ণ কাজে নিয়োজিত কর্মকর্তাগণ তাঁদের প্রয়োজন অনুযায়ী সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে এবং অফিস সময়ের পরে সচিবালয়ে যথারীতি অফিস করতে পারবেন।

স্মারক নং: ৪০০০	তারিখ: ২৮/০৯/১৬
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	নিরাপত্তা শাখা-২
স্বরাষ্ট্র-সচিব (প্রোগ)	স্বরাষ্ট্র-সচিব
স্বরাষ্ট্র-সচিব (প্রোগ)	স্বরাষ্ট্র-সচিব
স্বরাষ্ট্র-সচিব (প্রোগ)	স্বরাষ্ট্র-সচিব

প্রশাসন-১ শাখা

ডায়েরী নং: ৩৪৮

তারিখ: ০৬/৯/১৬

(মোঃ সাহেদ আলী)

যুগ্মসচিব

ফোন : ৯৫৭৩৮০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪১.০৮.০০২.০৯.১০২৪

তারিখ: ০৩-১০-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।  
(ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(হোসনা আফরোজা)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৫৫০৩